

**বাংলা শব্দের শুদ্ধ বানান  
এবং ইংরেজী শব্দের  
প্রতিবর্ণীকরণ প্রসঙ্গে**

গত ২৯-২-২০০০ তারিখে দৈনিক ইত্তেফাকে প্রকাশিত 'বানান শুদ্ধ করিয়া লেখা প্রসঙ্গে' শীর্ষক পত্রের প্রতি আমার দৃষ্টি আকৃষ্ট হইয়াছে। উক্তপত্রে উল্লিখিত 'অ্যাকাডেমি', 'লক্ষ' 'ভালোবাসা' ও 'ভালো' বানান এবং ক্রমিক নম্বর (১), (২) ও (৯)-এ দেওয়া ব্যাখ্যার প্রতি আমি কিঞ্চিৎ ভিন্ন মত পোষণ করিতেছি।

Academy শব্দটির প্রতিবর্ণিত রূপ- 'অ্যাকাডেমি' (এ.টি.দেবের ইংরেজী-বাংলা অভিধান দ্রষ্টব্য। অধিকাংশ অভিধানে 'A'-এর বাংলায় প্রতিবর্ণিত রূপ 'এ'। সুতরাং ঐ শব্দের ধ্বনি অনুযায়ী 'একাডেমি' প্রতিবর্ণীকরণ করা যাইতে পারে। তবে একাডেমী নহে। কিন্তু 'বাংলা একাডেমি' 'একাডেমি' শব্দটি অ-তৎসম (বিদেশী শব্দে) জানিয়াও শব্দটির অন্তে ঈ-কার (i) দিয়া 'একাডেমী' লিখিয়া থাকে। ইহার ব্যাখ্যা আমার জানা নাই।

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বাংলা বানান সংস্করণ (১৯৩৬) অনুযায়ী স্ত্রী, জাতি, ভাষা, ব্যক্তি ও বিশেষণবাচক এবং কতিপয় ব্যতিক্রমী শব্দ ব্যতীত বাংলা শব্দের অন্তে সাধারণতঃ ঈ-কার (i) হয় না। ব্যক্তিগত অভিজ্ঞতা হইতে উল্লেখ করা যায় যে, নাম, নামের পদবী এবং স্থানের নাম। নদীর নামবাচক শব্দের অন্তেও সাধারণতঃ ঈ-কার (i) হইয়া থাকে। এই প্রসঙ্গে আরও একটু উল্লেখ করা যায় যে, অনেকে বলিয়া থাকেন অ-তৎসম শব্দের (তদ্ভব, দেশী, বিদেশী, মিশ্র শব্দ) অন্তে ই-কার (i) এবং তৎসম শব্দের অন্তে ঈ-কার (i) হইবে। উল্লেখ্য, বাংলা ভাষায় ব্যবহৃত অবিকৃত সংস্কৃত শব্দকে তৎসম শব্দ এবং অন্যান্য শব্দকে অ-তৎসম শব্দ বলে। তৎসম ও অ-তৎসম শব্দকে চিহ্নিত করিবার উপায় কী? আমার মত সাধারণ শিক্ষিত লোকের পক্ষে তৎসম ও অ-তৎসম শব্দ চিহ্নিত করা সম্ভব নয়। কাজেই অ-তৎসম শব্দের অন্তে ই-কার (i) প্রয়োগের বিষয়টি প্রায় অকার্যকর। February-এর বাংলায় প্রতিবর্ণিত রূপ 'ফেব্রুয়ারি'। স্বীকৃত অভিধান অনুযায়ী 'শতাব্দী' নহে, 'শতাব্দী' (অভিধানিক শব্দ) বানানই সিদ্ধ।

'খ্রীষ্টাব্দ' শব্দের বানান লইয়া বিভ্রান্ত হইতেছি। অশোক মুখোপাধ্যায়ের 'সংসদ সমার্থ শব্দকোষ' অনুযায়ী 'খ্রীষ্টাব্দ' বাংলা একাডেমির 'বাংলা বানান- অভিধান' অনুযায়ী 'খ্রীষ্টাব্দ'। কিন্তু 'সংসদ বাঙ্গলা অভিধান', এ.টি.দেবের অভিধান এবং 'চলন্তিকা' অনুযায়ী 'খ্রীষ্টাব্দ'। কোনটি ঠিক? ইহার ব্যাখ্যাও জানা নাই। তবে আমি 'খ্রীষ্টাব্দ' (সংক্ষেপে খ্রীঃ) বানানের

পক্ষপাতী।  
'Y'-এর জন্য বাংলায় নহে  
বরং 'ই'। তবে AY-এর জন্য বাংলায়  
'এ' যেমন : BAY-বে MAY-মে,  
DAY-ডে ইত্যাদি। পরিশেষে উল্লেখ  
করা যায় যে, 'লক্ষ' নয় লক্ষ্য হইবে  
'ভালোবাসা' ও 'ভালো'-চলিতরূপ।  
শব্দ দুইটি সাধুরূপ-ভালবাসা ও ভাল  
(উচ্চারণ ভালোবাসা ও ভালো)।  
এ,জেড,এম, কামালউদ্দিন,  
ব্যবস্থাপক (শ্রম ও কল্যাণ),  
লতিফ বাওয়ানী জুট মিলস লিঃ  
ডেমরা, ঢাকা।